

৪. একটি ‘মৃত্যু’কে ঘিরে সমগ্র উপন্যাস জুড়ে এত আয়োজন, তা নিছক ‘কাহিনি’র প্রয়োজনে নয় – কমলকুমার উপন্যাসে ‘মৃত্যু’কে শিল্পে উত্তীর্ণ করে তুলতে চেয়েছিলেন। আলোচনা করো। ১০

৫. ‘অসময়’ উপন্যাসের শেষে কি সুসময় এল অবশেষে? বিমল করের পাঠ্য উপন্যাসটি কি সমাপ্তিতে কোনও সুসময়ের ইঙ্গিত এনে দেয়? যুক্তিসহ তোমার বিবেচনাটি গুছিয়ে লেখো। ১০

অথবা

৬. এ উপন্যাসে সকলেই নিজের নিজের কথা বলে কিংবা ভাবে। তবুও ‘অসময়’ উপন্যাসের কেন্দ্রে থাকে মোহিনীর সঙ্কট – তারই সংকট এ আখ্যানের মুখ্য ভরকেন্দ্র হয়ে উঠেছে। তুমি কি এই মত মেনে নেবে? যুক্তিসহ উত্তর দাও। ১০

৭. আবুল বাশারের ‘ফুলবউ’ উপন্যাসে ধর্মীয় অনুশাসনের চাপে স্বাভাবিক জীবনের ছন্দ কীভাবে বারবার বিড়ম্বিত হয়ে কাহিনিকে প্রভাবিত করেছে আলোচনা করো বুঝিয়ে দাও। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৯

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বিভাগ বাংলা

ঐচ্ছিকপত্র আধুনিক বাংলা উপন্যাস

কোর্স পি.জি. - ১.৫৬এ

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. সাবিদ্রী রায়ের ‘স্বরলিপি’ উপন্যাসটি একটি বিশেষ সময়পর্বে ভারতীয় কমিউনিস্ট পার্টির একেবারে ভেতরকার ইতিহাস – মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

অথবা

২. “ব্যক্তিগত মোহতে ক্ষতি বরং কম হয় – কিন্তু আদর্শগত মোহতে যে সর্বনাশ হয় তার তুলনা নেই।” এই সর্বনাশের যে ছবি ‘স্বরলিপি’ উপন্যাসে ধরা পড়েছে তার পরিচয় দাও। ১০

৩. উনবিংশ শতাব্দীর সমাজদ্বন্দ্ব ও পটভূমিকে বিশ শতকে কমলকুমার তাঁর উপন্যাসে কীভাবে আখ্যান বাস্তবতায় উত্তীর্ণ করেছেন তা আলোচনা করো। ১০

অথবা

(Turn over)